

শিক্ষামন্ত্রীর সঙ্গে আজ শিক্ষকদের বৈঠক

নিজস্ব প্রতিবেদক

২০ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ অক্টোবর ২০১৯ ০০:২০



আমাদের সময়

স্বীকৃতিপ্রাপ্ত সব প্রতিষ্ঠান একযোগে এমপিওভুক্তি এবং এমপিও নীতিমালা সংশোধনের দাবিতে আন্দোলনকারী নন-এমপিও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা আজ রবিবার শিক্ষামন্ত্রী দীপু মনির সঙ্গে বৈঠক করবেন।

শিক্ষামন্ত্রী গত বৃহস্পতিবার আন্দোলনকারী শিক্ষক নেতাদের সঙ্গে ফোনালাপে জানান, দাবির বিষয়ে বৈঠকে আলোচনা করা যেতে পারে। শিক্ষকরা মন্ত্রীর আহ্বানে অনশন কর্মসূচি স্থগিত করলেও অবস্থান চালিয়ে যাচ্ছেন। পাঁচ দিন ধরে প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করছেন সারাদেশ থেকে আসা শিক্ষক-কর্মচারীরা।

নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সভাপতি অধ্যাপক গোলাম মাহমুদুল্লাহ ডলার বলেন, বৈঠকের পর কর্মসূচির বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে।

শিক্ষকরা জানান, তাদের মধ্যে কেউ কেউ ১০ থেকে ২২ বছর ধরে বিনাবেতনে চাকরি করছেন। নিজের টাকায় সংসার চালিয়ে বিনাটাকায় স্কুল করতে হয়। তাদের সংসারে অভাব-অনটন লেগেই থাকে। এবার এমপিও না নিয়ে তারা ফিরে

20/10/2019

শিক্ষামন্ত্রীর সঙ্গে আজ শিক্ষকদের বৈঠক – The Daily Amader Shomoy

advertisement

যাবেন না।